# উপজেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট সদর, লালমনিরহাট

| শেখ হাসিনার দর্শন<br>সব মানুষের উন্নয়ন |
|---|

**বিষয়: উপজেলা পরিষদের নভেম্বর /২০২৩ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

**সভাপতি : মো: কামরুজ্জামান সুজন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ১৫/১১/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান :উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ১২/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: অফিস | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬(ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। শিশুদের নিউমোনিয়াসহ শ্বাসকষ্ট জনিত রোগ বিবেচনায় প্রতিটি কমিউনিটি ক্লিনিকে নেবুলাইার মেশিন সরবরাহ করা হয়েছে। তিনি সভায় এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে প্রচারের জন্য অনুরোধ জানান। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। গত ০৮/১০/২০২৩ ইং তারিখ হতে ১৪/১০/২৩ ইং পর্যন্ত সপ্তাহব্যাপী জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ উপলক্ষে ০৫ বছর হইতে ১৬ বছর বয়সী শিশুদের ০১টি করে কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো হয়। যার অর্জিত হার ৯৯%। বর্তমানে এ উপজেলায় ডেঙ্গুর প্রকোপ কিছুটা কমেছে। লালমনিরহাট সদর হাসপাতালে কোন ডেঙ্গু রোগী ভর্তি নেই। এ বিষয়ে সকলকে সচেতন থাকার আহবান জানান। মাঠ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষাসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভায় চেয়ারম্যান, মোগলহাট ইউনিয়ন পরিষদ, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার দৃষ্টি আকর্ষনপূর্বক জানান যে, দুড়াকুটি কমিউনিটি ক্লিনিকটির অবকাঠামো দ্রুত সংস্কার করা প্রয়োজন। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে।<br>২) ডেঙ্গু রোগের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার প্রচারনা চালাতে হবে।<br><br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা দ্রুত পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি মৌসুমে সদর উপজেলায় সরিষা ২৯০০জন, গম ১০৫০জন, ভুট্টা ১২০০জন পেঁয়াজ ১০০জন ও চিনাবাদাম-৬০জন কৃষকের মাঝে ইতমধ্যে বিতরণ করা হয়েছে। যা মাঠ পর্যায়ে রোপনের কাজ চলমান আছে। বোরো ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি প্রণোদনার আওতায় ৩২০০জন কৃষকের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিজন কৃষক ২কেজি হারে হাইব্রিড ধানের বীজ পাবেন। তালিকা তৈরী কাজ চলমান। এবারে রোপা আমন ফসলে উল্লেখযোগ্য প্রাকৃতিক দূর্গোগ না থাকায় আশানরুপ ফলন পাওয়া যাবে আশা করছি। ইতমধ্যে প্রায় ১৫% রোপনা আমন কর্তন সম্পন্ন হয়েছে। কৃষিকে যান্ত্রিকিকরণের লক্ষ্যে চলতি মাসে ০৫টি কম্বাইন হারভেস্টার ৫০% ভর্তুকী মূল্যে কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। কম্বাইন হারভেস্টার গ্রহণকারীর নামগুলো হলো: (ক) মোঃ আবেদ আলী, হারাটি (খ) নিবারুন চন্দ্র রায়, পঞ্চগ্রাম (গ) মোঃ হায়দার আলী, গোকুন্ডা (ঘ) মোঃ হাফিজুর রহমান, গোকুন্ডা এবং (ঙ) আবুল কালাম আজাদ, মহেন্দ্রনগর ইউনিয়ন। এ ছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি করে জানান যে, মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত আশ্রয়ণ প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক উপকারভোগীদের পারিবারিক পুষ্টি বাগান সৃজনে উদ্বুধ করতে হবে এবং উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান।<br><br>সভায় কুলাঘাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, তার ইউনিয়ন পরিষদ চত্বরে একটি বহুপুরাতন বিএস কোয়ার্টার জড়াজীর্ণ অবস্থায় পরিত্যাক্ত হয়ে রয়েছে। যা পদ্ধতিগতভাবে দুত অপসারনের অনুরোধ জানান। | ১) চলতি রবি মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার সার, বীজ যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br><br>মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত আশ্রয়ণ প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক উপকারভোগীদের পারিবারিক পুষ্টি বাগান সৃজনে উদ্বুধ করতে হবে।<br><br>কুলাঘাট ইউনিয়ন পরিষদ চত্বরে পরিত্যাক্ত বিএস ভবনটি বিধি মোতাবেক অপসারনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | প্রাণি সম্পদ অফিস | উপজেলা ভেটেরিনারি সার্জন সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে গবাদি পশুর লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব কমেছে। এটি মুলত মশা মাছির মাধ্যমে ছড়ায়। প্রতিরোধ হিসেবে আক্রান্ত পশুকে অন্য পশু থেকে আলাদা রাখতে হবে সম্ভব হলে মশারির ভিতরে রাখতে হবে। গবাদি পশুর ঘর আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে খামারিদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>২) পিপিআর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৪ | মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সি: উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিদ্যালয়ের লেখাপড়ার মানোন্নয়নের জন্য বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি সভায় আরো জানান যে, নিম্নোক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন ভবন নির্মাণ করা প্রয়োজন। (১) শেম্ভু সরকারি প্রাথমিক বিদ্যালয় (২) সাতভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয় (৩) নয়ারহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় (৪) মাষানকুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় (৫) পঞ্চগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় (৬) ১নং খুনিয়াগাছ সরকারি প্রাথমিক বিদ্যালয় (৭) কোতয়ালী সরকারি প্রাথমিক বিদ্যালয় (৮) তিস্তা কেআর খাদেম সরকারি প্রাথমিক বিদ্যালয় (৯) নয়ারহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় (১০) সোনাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় (১১) সাকোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় (১২) কর্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৩) ধাইরখাতা সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৪) লালমনিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৫) খোর্দ্দসাপটানা সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৬) রামশিং সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৭) হাড়ীভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৮) ফকিরটারী সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৯) সিন্দুরমতি সরকারি প্রাথমিক বিদ্যালয় (২০) মাঠেরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় (২১) পূর্ব বড়ুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এছাড়া নিম্নোক্ত ০৩টি প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর প্রয়োজন। (১) শহীদ শাহজাহান কলোনী সরকারি প্রাথমিক বিদ্যালয় (২) নিজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় (৩) চর শিবেরকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয়। | (ক) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং আরও বৃদ্ধি করতে হবে। কোন অনিয়ম হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রস্তাবিত ২১টি সরকারি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ এবং ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের পূর্নাঙ্গ প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| | | (খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষনপূর্বক জানান যে, বিভিন্ন সময় বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে বিদ্যালয়ের নিজস্ব জমি সংক্রান্ত জটিলতা নিয়ে অভিযোগ পাওয়া যাচ্ছে। তাই প্রতিটি বিদ্যালয়ের সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা? বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করা প্রয়োজন। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | (ক) প্রতিটি বিদ্যালয়ের নিজস্ব জমি সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা যাচাই করতে হবে। বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| | | (গ) সভায় চেয়ারম্যান কুলাঘাট ইউনিয়ন পরিষদ জানান যে, কুলাঘাট ইউনিয়নের চর কুলাঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন পরিত্যাক্ত ভবনটি দীর্ঘদিন যাবত ঝুকিপূর্ন অবস্থায় রয়েছে। এটি অতিসত্বর নিলামের মাধ্যমে অপসারণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। অন্যথায় যে কোন সময় দুর্ঘটনা ঘটানা ঘটার সম্ভাবনা রয়েছে। | (ক) কুলাঘাট ইউনিয়নের চর কুলাঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন পরিত্যাক্ত ভবনটি জরুরী ভিত্তিতে নিলামের মাধ্যমে অপসারণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণের নিমিত্ত চাহিদা অনুযায়ী অধিকাংশ বই আমরা হাতে পেয়েছি এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিতরণ করেছি। মাধ্যমিক ও দাখিল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বার্ষিক মূল্যায়ন পরীক্ষা গত ০৯/১১/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) প্রতিটি বিদ্যালয়ের নিজস্ব জমি সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা যাচাই করতে হবে। বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ৭ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | প্রকৌশল অফিস | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পসমূহের তালিকা দাখিল করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত কোন ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া যায়নি। প্রকল্প তালিকা দ্রুত সময়ের মধ্যে দাখিল করার জন্য তিনি উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে পুন:রায় অনুরোধ জানান।<br>(খ) উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা নবনির্মিত উপজেলা পরিষদের সভাকক্ষের আসবাবপত্র (চেয়ার, টেবিল) ক্রয়ের নিমিত্ত সর্বমোট ৩,০০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রাক্কলন অনুমোদনের জন্য পেশ করেন।<br>(গ) তিনি সভায় আরো জানান যে, বিভিন্ন ইউনিয়নের রাস্তার পার্শ্বে পুকুর থাকায় পুকুরের মালিক রাস্তার সাইডের মাটি এমন ভাবে কাটেন যে পরবর্তী বর্ষা মৌসুমের রাস্তা ভেঙ্গে যায়। কিন্তু সরকারি নীতিমালা অনুযায়ী রাস্তার দু'পাশে ৪লিং করে মাটি থাকতে হবে। সকলকে এ বিষয়ে সচেতন থাকার আহ্বান জানান। | (ক) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) প্রকল্পসমূহের তালিকা দাখিল করতে হবে।<br>(খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা নবনির্মিত উপজেলা পরিষদের সভাকক্ষের আসবাবপত্র (চেয়ার, টেবিল) ক্রয়ের নিমিত্ত উপস্থাপিত সর্বমোট ৩,০০,০০০/- টাকার প্রাক্কলন অনুমোদনসহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে।<br>(গ) সকল রাস্তার পার্শ্বে ৪লিং জায়গা রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং জনসচেতনতাবৃদ্ধি করতে হবে। | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা প্রকৌশলী<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)/উপজেলা প্রকৌশলী |
| ৯ | ত্রাণ অফিস | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ত্রাণ শাখার কোন গোডাউন না থাকায় বিভিন্ন সময় জটিলতায় পড়তে হয়। তিনি সভায় উপজেলা সমাসসেবা অফিসের পরিত্যাক্ত ভবনটি ত্রাণ গোডাউন করার প্রস্তাব করেন।<br>(খ) তিনি সভায় আরো জানান যে, বর্তমানে এ উপজেলায় গত ১১ নভেম্বর/২৩ তারিখ হতে ইজিপিপি প্রকল্পের ৪০ দিনের কার্যক্রম শুরু হয়ে চলমান রয়েছে। খাটামারি মুজিব কেল্লা নির্মাণ ইতোমধ্যে শেষ হয়েছে। ফলিমারি মুজিব কেল্লা নির্মাণের অগ্রগতির হার ৭২%। গার্ডার ০২টি ব্রীজ নির্মাণ কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৯%, বক্স কালভার্ট ০৭টি যার অগ্রগতি ৭৫%। বীর নিবাস ৫৭টির নির্মাণ কাজ চলমান রয়েছে কাজের অগ্রগতি ৫৫% । ০২টি হেরিংবন্ড রাস্তার লটারী ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং কাগজপত্রাদি ঢাকায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অনুমোদন পেলেই কার্যাদেশ প্রদান করা হবে। | উপজেলা সমাজসেবা অফিসের পরিত্যাক্ত ভবনটি এ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার ত্রাণ গোডাউন হিসেবে বরাদ্দ প্রদান করা হলো।<br>(খ) চলমান ৪০ দিনের কর্মসূচিসহ সকল প্রকল্পের কাজের গুনগত মান নিশ্চিত করতে নিয়মিত মনিটরিং করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি আমন মৌসুমে সরকার কর্তৃক প্রতি মন ১২০০/- নির্ধারিত মূল্যে অনলাইনে নিবন্ধিত কৃষকের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করা হবে। অনলাইনে নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।<br>সভায় উপজেলা চেয়ারম্যান উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষন করে জানান যে, চলমান টিসিবি কার্যক্রমে বিভিন্ন ইউনিয়নের নিম্নমানের চাল দেওয়া হচ্ছে। যা সরকারের ভাবমূর্তি নষ্ট করছে। এ বিষয়ে জরুরী ব্যবস্থা নেওয়া প্রয়োজন। | চলতি আমন মৌসুমে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কৃষকের কাছ থেকে সরাসরি ধান ক্রয়ের বিষয়টির ব্যাপক প্রচার প্রচারনা করতে হবে।<br>চলমান টিসিবি কার্যক্রমের বিতরণকৃত পণ্যের গুনগতমান নিশ্চিত করতে সরকারি গোডাউন থেকে ডিলারদের কাছে হস্তান্তরের সময় সকল পণ্যে নমুনা সংরক্ষন করতে হবে। মাঠ পর্যায়ে বিতরণের সময় ঐ পন্যের সাথে মিলিয়ে নিশ্চিত অন্তে বিতরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, প্রধান নির্বাচন কমিশনারের ব্রীফিং অনুযায়ী আজকে বিকাল ৫.০০টার সময় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসীল ঘোষনা করা হবে। এদিকে এ আসনের ভোটার তালিকা ইতোমধ্যে চুড়ান্ত করা হয়েছে। নির্বাচনকেন্দ্রিক সকল কার্যক্রম চলমান রয়েছে। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ সুষ্ঠু, নিরপেক্ষ এবং সুশৃংখল পরিবেশে অনুষ্ঠানের লক্ষে প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ১৪ | বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | বিআরডিবি অফিস | সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর অফিস | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনীধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর, লালমনিরহাট |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এ উপজেলায় এনএনজিপিএস-১পিইডিপি-৪ প্রকল্পের আওতায় নতুন করে ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আইসোলেটেড এবং দ্বিতল ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া আরো ৩৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি সভায় আরো জানান যে, ৪র্থ পর্যায়ের নির্মিত মুজিব বর্ষের ঘরের উপকারভোগীদের সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ২০টি নলকূপ স্থাপনের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | নির্মাণাধীন সকল ওয়াশব্লকের গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত মনিটরিং করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | যুব উন্নয়ন অধিদপ্তর অফিস | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋণের পরিমান, আদায়ের পরিমাণ এবং খেলাপি ঋনের পরিমান ঋন খেলাপির কারণসহ বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা সমবায় অফিসারের দৃষ্টি আকর্ষন করে বলেন যে, মুজিববর্ষে নির্মিত আশ্রয়ণ-২ প্রকল্পের উপকারভোগীদের মাঝে সমবায় সমিতি গঠনে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | এ উপজেলায় পুরাতন আশ্রয়ণ প্রকল্পগুলোর ব্যারাক হাউস মেরামতের নিমিত্ত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>আগামী সভায় মুজিববর্ষে নির্মিত আশ্রয়ণ-২ প্রকল্পের উপকারভোগীদের মাঝে সমবায় সমিতি গঠনে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার পূর্ণাঙ্গ তথ্য উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আগামী জাতীয় সংসদ নির্বাচন কে কেন্দ্র করে আনসার সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। চলমান বিএনপি ও এর অঙ্গসংগঠন দল কর্তৃক ডাকা অবরোধ ও হরতালে মাঠ পর্যায়ে আইনশৃংখলা পরিস্থিত স্বাভাবিক রাখতে পুলিশের সংগে ৫২জন আনসার সদস্য দায়িত্ব পালন করছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। আগামী নির্বাচনকে কেন্দ্র করে কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ বাহিনীকে জানাতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক অফিস | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ অফিস | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | আগামী রবি মৌসুমে কৃষকের পর্যাপ্ত সেচের ব্যবস্থা রাখতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২৪ | তথ্য আপা প্রকল্প অফিস | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী (ক) মানসম্মত শিক্ষা অব্যাহত রাখার স্বার্থে লালমনিরহাট সদর উপজেলার ২১ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪৬১ জোড়া উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ বাবদ প্রকল্পের ভ্যাট ও আইটিসহ সর্বমোট প্রাক্কলিত মূল-৩৬,১৮,৮৫০/- টাকার এবং (খ) পানি নিস্কাশনের জন্য মহেন্দ্রনগর ইউনিয়নে সিংগাদার মৌজার রফিকুলের বাড়ী হইতে ব্রীজ পর্যন্ত পাকা ড্রেন নির্মান বাবদ ১১,৫০,০০০/- টাকা। একুনে সর্বমোট ক+খ = (৩৬,১৮,৮৫০+১১,৫০,০০০) = ৪৭,৬৮,৮৫০/- টাকার প্রকল্প প্রস্তাব প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বরাবর অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হলে তা অনুমোদিত হয়েছে। ফলে দ্রুত সময়ের মধ্যে টেন্ডার আহবান করা প্রয়োজন। | সরকারি নীতিমালা অনুযায়ী বর্ণিত প্রকল্প ০২টি টেন্ডার আহবানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ |
| ২৬ | বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার, সার্বিক সহযোগিতা প্রদান করবেন।<br><br>(খ) তিনি সভায় আরো জানান যে, এ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ সংস্থান সাপেক্ষে পরিষদের গেইট ও বাউন্ডারী ওয়াল রং করা যেতে পারে। দীর্ঘদিন যাবত রং না করায় তা বিবর্ণ হয়েগেছে। | (ক) সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।<br><br>(খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের গেইট ও বাউন্ডারী ওয়াল রংকরার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। | সকল দপ্তর প্রধান<br><br>উপজেলা প্রকৌশলী |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: কামরুজ্জামান সুজন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২২ - ১০২২ (৪০) তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ / ১৯ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৮-লালমনিরহাট-৩ লালমনিরহাট সদর, লালমনিরহাট
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০৩. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৭. উপজেলা.................................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৮. জনাব.................................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৯. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

(জান্নাতিআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট